



শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়
নেত্রকোণা-২৪০০
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
ইমেইল: pro@shu.edu.bd



স্মারক:(০০৯) শে.হা.বি./জনসংযোগ/২০২১/প্রেসি-০০৩

তারিখ: ৭ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ
২৩ অক্টোবর, ২০২১ খ্রিস্টাব্দ

প্রেস রিলিজ

কবি জীবনানন্দ দাশের ৬৭তম প্রয়াণ দিবসে বাংলা বিভাগ শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা কর্তৃক আলোচনা সভা অনুষ্ঠান

কবি জীবনানন্দ দাশ ১৭ ফেব্রুয়ারি ১৮৯৯ খ্রি. তারিখে বর্তমান বাংলাদেশের বরিশাল জেলায় জন্মগ্রহণ করেন। কবি জীবনানন্দ দাশ বাংলা কাব্যে আধুনিকতার পথিকৃতদের মধ্যে অন্যতম। তাঁর কবিতায় পরাবাস্তবের দেখা মিলে। তিনি ‘রূপসী বাংলার কবি’ বলে খ্যাত ছিলেন। ১৪ অক্টোবর ১৯৫৪ খ্রি. তারিখ পশ্চিমবঙ্গের কলকাতার বালিগঞ্জে এক ট্রাম দুর্ঘটনায় তিনি আহত হন এবং ২২ অক্টোবর তারিখে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন।

কবি জীবনানন্দ দাশের ৬৭তম প্রয়াণ দিবস উপলক্ষ্যে আজ বাংলা বিভাগ শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা কর্তৃক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা-এর মাননীয় ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. রফিকউল্লাহ খান। প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশের বিশিষ্ট কবি জনাব নির্মলেন্দু গুণ এবং কলকাতা বিশ্ববিদ্যালয়-এর বাংলা ভাষা ও সাহিত্য বিভাগের সহযোগী অধ্যাপক ড. এসকে রফিকুল হোসেন। ২৩ অক্টোবর বিকাল ৩টায় অনলাইন প্লাটফর্ম জুমের মাধ্যমে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনাব মোঃ আব্দুল হালিম, প্রভাষক, বাংলা বিভাগ, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়ে, নেত্রকোণা। উক্ত আলোচনা সভায় শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান আলোচকের বক্তব্যে কবি নির্মলেন্দু গুণ বলেন, কবি জীবনানন্দ দাশকে স্মরণীয় করে রাখতে তাঁর জন্মস্থান বরিশালে ‘কবি জীবনানন্দ দাশ বিশ্ববিদ্যালয়’ নামে একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা’র কাছে জোর দাবি জানান।

কলকাতা বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ড. এস কে রফিকুল হোসেনের আলোচনায় যে বিষয়টি উঠে এসেছে- জীবনানন্দ দাশ ও তাঁর সাহিত্য কর্মকে গতানুগতিকতার বাইরেও বিভিন্ন দিক হতে বিশ্লেষণ করার সুযোগ রয়েছে।

সমাপনী বক্তব্যে শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. রফিকউল্লাহ খান যিনি নিজেও একজন বাংলা ভাষা ও সাহিত্যের শিক্ষক, গবেষক ও প্রাবন্ধিক বলেন, জীবনানন্দ দাশের শুধুমাত্র কবিতার গতানুগতিক সমালোচনার মধ্যে আবদ্ধ না থেকে তাঁর অন্যান্য সাহিত্যকর্ম যথা উপন্যাস ও প্রবন্ধ নিয়ে গবেষণার বিস্তৃতক্ষেত্র রয়েছে। তিনি আরও বলেন জীবনানন্দ দাশের বিরুদ্ধে আক্রমণের যে অভিযোগ আনা হয়; তার পেছনে জীবনানন্দ দাশের নিম্ন চিত্তের পঠন-পাঠনের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। সর্বোপরি বর্তমান বিশ্বায়নের যুগে মানুষের জীবনে জীবনানন্দ দাশের সাহিত্যকর্ম গুরুত্বপূর্ণ অনুপ্রেরণা হিসেবে ভূমিকা পালন করছে এবং করবে বলে প্রত্যাশা ব্যক্ত করেন।

পরিশেষে সকলের মঙ্গল কামনা করে তিনি অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে-

এনামুল হক
২৬/১০/২০২১

(এনামুল হক)

জনসংযোগ কর্মকর্তা

শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়,

নেত্রকোণা

ফোন: ০১৯৭৫-৮০৫৩৬৮